



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

তাগিদ পত্র



স্মারক নং-৭জি-১০৯(ক-৩)/২০১০/৭২৭/৪

তারিখ: ১৪/১২/১৪২৭ বঙ্গাব্দ:
২৮/০৩/২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: মতামত প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার নাজিরপুর উপজেলাধীন শহীদ জননী মহিলা কলেজের জনাব লিপিকা রানী হালদার প্রভাষক(ভূগোল)-কে ২৭/০৮/২০০১খ্রি. তারিখে নিয়োগ দেয়া হয়। কিন্তু কলেজ যখন MPO ভুক্ত হয় তখন তার নাম বাদ দিয়ে জনাব মোঃ সোহেল রানা-কে প্রভাষক (ভূগোল) পদে নিয়োগ দিয়ে MPO ভুক্ত করা হয়। এ বিষয়ে জনাব লিপিকা রানী হালদার অত্র অধিদপ্তরে ০২/১২/২০১৭খ্রি. তারিখে একটি আবেদন দাখিল করেন। আবেদনের বিষয়ে নিষ্পত্তি না হওয়ায় তিনি মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ৯৬৪৬/২০১৮ দায়ের করেন। মহামান্য আদালত কোন রুল জারি না করে সরাসরি পিটিশনারের আবেদন বিবাদী নং ৩ (উপ-পরিচালক-২, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর) এবং বিবাদী নং ৪ (চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল)কে বিধি মোতাবেক নিষ্পত্তি করার নির্দেশ প্রদান করেন।

কলেজটি উচ্চ মাধ্যমিক পর্যায়ে এমপিওভুক্ত হওয়ায় প্রতি বিষয়ে একজন করে শিক্ষক প্রাপ্য। ভূগোল বিষয়ে জনাব লিপিকা রানী হালদারকে বাদ দিয়ে কেন জনাব মোঃ সোহেল রানাকে এমপিওভুক্ত করা হলো এ বিষয়ে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে মতামত প্রদানের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪.৩.২১
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (ক-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭

অধ্যক্ষ

শহীদ জননী মহিলা মহাবিদ্যালয়, নাজিরপুর, পিরোজপুর।

অনুলিপিঃ

- ১। আইন কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, শহীদ জননী মহিলা মহাবিদ্যালয়, নাজিরপুর, পিরোজপুর।
- ৩। জনাব লিপিকা রানী হালদার, প্রভাষক (ভূগোল), শহীদ জননী মহিলা কলেজ, পিরোজপুর।
স্থায়ী ঠিকানা: পিতা-মৃত নির্মলেন্দু হালদার, গ্রাম+ডাক-বহরবুনিয়া, উপ-মোড়েলগঞ্জ, জেলা-বাগেরহাট।
- ৪। সংরক্ষণ কপি।